# রামকৃষ্ণ বিবেকানন্দ মিশন
## মডেল উত্তরপত্র - ২০২০
## শ্রেনী - দ্বিতীয়
## বিষয় - সাধারণ জ্ঞান

পূর্নমান -৫০

**১। মায়ের প্রনাম মন্ত্রটি মুখস্থ লেখ ।** [৫]

উ : ওঁ যথাগ্নে দাহিকা শক্তিঃ রামকৃষ্ণে স্থিতা হি যা ।
সর্ব বিদ্যা স্বরূপাং তাং সারদাং প্রনমা ম্যহম ।।
ওঁ জননীং সারদাং দেবীং রামকৃষ্ণং জগদ গুরুং ।
পাদ পদ্মে তয়ো শ্রিত্বা প্রনমামি মুহুমুহুঃ ।।

**২। পূর্নবাক্যে উত্তর দাও :- (১০টি)** [১X ১০= ১০]

**ক) তোমার মাতৃভাষা কী ?**
উ : আমার মাতৃভাষা বাংলা ।

**খ) তোমার মাতৃভূমি কী ?**
উ : ভারতবর্ষ আমার মাতৃভূমি ।

**গ) বিশুদ্ধ বায়ু কাকে বলে ?**
উ : যে বায়ুতে যত বেশী অক্সিজেন থাকে তাকে বিশুদ্ধ বায়ু বলে ।

**ঘ) কী রূপ বায়ু স্বাস্থের পক্ষে ক্ষতিকর ?**
উ : দূষিত বায়ু স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর ।

**ঙ) জল জাতীয় খাদ্য শরীরের কী উপকার করে ?**
উ : জল জাতীয় খাদ্য শরীরে রক্ত চলাচলে সাহায্য করে । হজম করতে সুবিধা করে দেয় ।

**চ) শর্করা জাতীয় খাদ্য কী উপকার করে ?**
উ : শর্করা জাতীয় খাদ্যে শরীরে তাপ ও শক্তি উৎপন্ন হয় ।

**ছ) কীরূপ জল পান করা উচিত ?**
উ : টাটকা ও বিশুদ্ধ জল পান করা উচিত ।

**জ) কী পরিমান জল রোজ পান করা উচিত ?**

উ : সারা দিনরাত বড়দের চার থেকে পাঁচ লিটার এবং ছোটদের দুই থেকে তিন লিটার জলপান করা উচিত ।

**ঝ) হাম রোগের জীবানু কিসে থাকে ?**

উ : রোগীর হাঁচি, কাশি ও শেস্মার মধ্যে হাম রোগের জীবানু থাকে ।

**ঞ) ম্যালেরিয়া জ্বর হয় কেন ?**

উ : এনোফিলিস জাতের মশা কামড়ালে ম্যালেরিয়া জ্বর হয় ।

**ট) স্নান করা প্রয়োজন কেন ?**

উ : শরীরকে শীতল ও পরিস্কার রাখার জন্য স্নানের প্রয়োজন ।

**৩। বামদিক ও ডানদিকে মিলিয়ে লেখ :-** [৫ X ১=৫]

| | |
|---|---|
| (i) রক্তে আছে | (iii) লোহিত কনিকা |
| (ii) ডিপথিরিয়া | (i) গলা ফোলে |
| (iii) সহপাঠীদের সঙ্গে | (ii) ঝগড়া করতে নেই |
| (iv) ভারত | (v) মহান দেশ |
| (v) জলের দ্বারা | (iv) খাবার হজম হয় |

**৪। সঠিক উত্তরটি (✓) চিহ্ন দাও :-** [১ X ১০= ১০]

ক) মানবদেহে হৃদপিন্ড রয়েছে বুকের বাঁ দিকে ✓ / ডানদিকে ।

খ) ত্বকের কাজ স্পর্শ অনুভব করা ✓ / স্বাদ গ্রহন করা ।

গ) রক্ত লাল দেখায় লোহিত কনিকা ✓ / শ্বেত কনিকার জন্য ।

ঘ) যকৃতকে ইংরাজীতে লিভার ✓ / পীহা বলে ।

ঙ) কিডনি দেখতে শিমবীজের মতো ✓ / মটর বীজের মতো ।

চ) কিডনিকে দেহের সেবক ✓ / কারিগড় বলা চলে ।

ছ) আদর্শ খাদ্য হলো ভাত / দুধ ✓ ।

জ) আমিষ জাতীয় খাদ্য বাদাম / মাছ ✓ ।

ঝ) দূষিত বায়ু স্বাস্থের পক্ষে উপকারী / ক্ষতিকর ✓ ।

ঞ) শর্করা জাতীয় খাদ্য মাখন / মিছরি ✓ ।

**৫। শূন্যস্থান পূরন কর :-** [১X১০=১০]

ক) খাদ্য পাঁচ প্রকার ।

খ) দূষিত জলে নানা রোগের জীবানু থাকে ।

গ) টাটকা বিশুদ্ধ জল পান করা উচিত ।

ঘ) জলের দ্বারা খাবার হজম হয় ।

ঙ) হাম জ্বর ছোঁয়াচে রোগ ।

চ) মাছি থেকে টাইফয়েড রোগ ছড়ায় ।

ছ) চোখ আমাদের মনি ।

জ) রক্ত হলো লাল রঙের তরল পদার্থ ।

ঝ) আমাদের দেহে মোট ২০৬ টি হাড় আছে ।

ঞ) ত্বক হলো শরীরের আবরণ ।

**৬। প্রশ্নগুলির উত্তর দাও :-** [৫X২=১০]

**ক) শরীর সুস্থ্য রাখার জন্য কী করা উচিত ?**

উ : শরীর সুস্থ্য রাখার জন্য স্বাস্থ্যের নিয়মগুলি ঠিক ভাবে পালন করা উচিত ।

**খ) বাইরে থেকে এসে হাত পা ধোয়া উচিত কেন ?**

উ : রাস্তার ধারে ধূলো বালি ও নানা রকম ময়লা আবর্জনা হাতে পায়ে লেগে যায় সেই কারণে বাইরে থেকে এসে হাত পা ধোঁয়া উচিত ।

**গ) মাথার চুলের প্রয়োজনীয়তা কী ?**

উ : চুল গরম-ঠান্ডা থেকে মাথা রক্ষা করে । মাথাকে ঢেকে রাখে । চুল আমাদের সৌন্দর্য বৃদ্ধি করে ।

**ঘ) ছোঁয়াচে রোগ কাকে বলে ?**

উ : যে রোগ এক রোগীর দেহ থেকে অন্যের মধ্যে ছড়িয়ে পড়ে তাকে ছোঁয়াচে রোগ বলে ।

**ঙ) পুকুরের জল কিভাবে দূষিত হয় ?**

উ : পুকুরে স্নান, কাপড় ও বাসন ধোঁয়া তাছাড়া পুকুরে নানা গাছের পাতা পচে জল দূষিত হয় ।